

বিষয় : মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক ২০২১ প্রদান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মানবতাবাদের আদর্শে লালিত তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক উদ্যোগে সমাজের অবহেলিত, নিগৃহীত, সহায়হীন, অক্ষমসহ বিভিন্ন অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে বয়স্কভাতা, বিধবা ভাতা, স্বামী নিগৃহীতা নারীদের ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি, দরিদ্র ও জটিল রোগীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে হাসাপাতালে সমাজসেবা কার্যক্রম সম্প্রসারণ, ভিক্ষুক পুনর্বাসন, বাল্য বিবাহ রোধ, সরকারি চাকরিতে প্রতিবন্ধী কোটা ও তাঁদের সামাজিক মর্যাদা প্রতিষ্ঠার ব্যবস্থা, পথ শিশুদের পুনর্বাসন, অতিদরিদ্রদের জন্য টেকসই সামাজিক নিরাপত্তা বেটন গড়া, পিতা-মাতার ভরণ-পোষণ আইনসহ বিভিন্ন জনকল্যাণ মূলক কার্যক্রম চালু করেছেন। এরই ধারাবাহিকতায় “প্রয়োজনে একবেলা খাব” এ দৃঢ় প্রত্যয়ে বলীয়ান হয়ে মাননীয় প্রধানমন্ত্রী মিয়ানমার থেকে আগত বাস্তুচ্যুত প্রায় ১১ লাখ বিশাল রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে স্থান দিয়ে সার্বিক সামাজিক নিরাপত্তা প্রদান করে আজ সারা বিশ্বে তিনি “মাদার অব হিউম্যানিটি” হিসেবে স্বীকৃতি লাভ করেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ সকল মহান উদ্যোগ দেশের জনগণ ও জনসেবার সাথে সংশ্লিষ্ট ব্যক্তি, সরকারি/বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠান সমূহের মধ্যে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে মানবতার উন্নয়নে সমাজসেবা, সমাজকল্যাণ ও সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠায় বিশেষ অবদানের জন্য “মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক” চালু করা হয়েছে।


“মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক ২০১৮” এর নীতিমালা (সংশোধনীসহ) অনুযায়ী ব্যক্তি পর্যায়ে, বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠান এবং সরকারি দপ্তর/ সংস্থা বা প্রতিষ্ঠান হতে ৫টি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার জন্য ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০২০-২০২১)’ প্রদান করা হবে। নীতিমালার অনুচ্ছেদ ১১.১ (সংশোধিত) অনুসারে মনোনয়ন প্রেরণ এবং এ প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি নিম্নরূপ:

ক্রমিক	কর্মসূচি	নির্ধারিত সময়সীমা
(ক)	মনোনয়ন আহ্বান	০৫ জুলাই, ২০২১
(খ)	জেলা পর্যায়ের কমিটিতে আবেদন গ্রহণ	৩১ জুলাই, ২০২১
(গ)	জেলা কমিটিতে মনোনয়ন চূড়ান্তকরণ	১৭ আগস্ট, ২০২১
(ঘ)	জেলা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন সুপারিশ প্রেরণ	৩১ আগস্ট, ২০২১
(ঙ)	মন্ত্রণালয়/ বিভাগ হতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ	২০ আগস্ট, ২০২১
(চ)	জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	১৫ অক্টোবর, ২০২১
(ছ)	জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্ত মনোনয়ন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	৩১ অক্টোবর, ২০২১
(জ)	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদনক্রমে পুরস্কার প্রদান	০২ জানুয়ারি, ২০২২

০২। ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০২০-২০২১)’ এর মনোনয়ন ছক এবং নীতিমালা (সংশোধনীসহ) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.msw.gov.bd), সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট (www.dss.gov.bd) এবং সকল জেলা সমাজসেবা কার্যালয়ে পাওয়া যাবে।

০৩। মন্ত্রণালয়/বিভাগ হতে মনোনয়ন এর সফট কপি ই-মেইলে (publication@msw.gov.bd) এবং হার্ডকপি মন্ত্রণালয়ে ২০ আগস্ট ২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : নীতিমালা (সংশোধনীসহ)


৩০.৬.২০২১

(খাদিজা নাজনীন)

উপসচিব

ফোন: ৯৫৭৬৬৮৩

Email: publication@msw.gov.bd

বিতরণ :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অপর পাতায় দৃষ্টব্য

২. সিনিয়র সচিব/সচিব

..... মন্ত্রণালয়/বিভাগ (বিজ্ঞপ্তিটি স্ব-স্ব
মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে প্রকাশসহ অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা বরাবর বহল প্রচারের অনুরোধসহ)

৩. বিভাগীয় কমিশনার (সকল) বিভাগ


৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা

৫. জেলা প্রশাসক (সকল), জেলা।

৬. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে
প্রকাশের অনুরোধসহ)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা
২. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, ঢাকা
৩. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা
৪. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট, বনানী, ঢাকা
৫. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টংগী, গাজীপুর
৬. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৭. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৮. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


৩০.৫.২০২১
(খাদিজা নাজনীন)
উপসচিব